... 06 JAN 1991 ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

দৈনিক বাংলা

02

## বাতিল এসএসসি পরীক্ষা কেন্দ্রগুলি চালু করা হোক

শিক্ষার উন্নতি করতে হলে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ তৈরি করা যেমন পিতা-মাতার দায়িত্ব তেমনই জাতীয়ভাবে দেশের সরকারের এবং নাগরিকের কর্তব্য। বিগত সরকারের খামখেয়ালীপনায় বহু ছাত্রছাত্রীর সুষ্ঠু শিক্ষার পরিবেশ নষ্ট হয়েছে। নকল বন্ধ করার নাম করে এমন কতগুলি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যার দরুন এসএসসি পরীক্ষার পরিবেশ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

এমন একটি পদক্ষেপ হলো নকল প্রতিরোধের নাম করে ক্ষমতাবান ব্যক্তিদের ছেলেমেয়েদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য অনেক পরীক্ষা কেন্দ্র বাতিল ঘোষণা করা। কয়েকটি কেন্দ্র বাতিল করে যদি একটি কেন্দ্র করা হয় তবে ঐ কেন্দ্রে ভীড় বেশী হবে এবং একটি হৈ হল্লুরের পরিবেশ সৃষ্টি হবে। আর সে ক্ষেত্রে ঐ সব ব্যক্তিদের ছেলেমেয়েদের সুযোগ করে দিলে কোনরূপ প্রশ্ন ওঠার সুযোগ থাকবে না। যেমন থাকে না হাটের মাঝে কোন ভাল লোককে প্রহার করার চাক্ষুস প্রমাণ।

এখানে বললে হয়তো অত্যুক্তি করা হবে না যে সমগ্র বাংলাদেশে যখন নকল করার সুযোগ দেয়া হলো তখন চিহ্নিত করা হলো শুধুমাত্র কয়েকটি কেন্দ্রকে। তাই এই সুবাদে পড়ে গেলো টাঙ্গাইল জেলার কয়েকটি কেন্দ্র। এর মধ্যে মধুপুর উপজেলার ধনবাড়ি একটি। অথচ মধুপুর কেন্দ্রে প্রায় দুই হাজার আড়াই হাজার ছাত্রছাত্রীর পরীক্ষা দেয়ার মতো তেমন কোন পরিবেশ নেই। না আছে সেখানে থাকা খাওয়ার সুব্যবস্থা আর না আছে ভালোভাবে সিটে বসে পরীক্ষা দেয়ার সুবিধা ২/৩ হাজার ছাত্রছাত্রীর বিশেষ করে ছাত্রীদের সঙ্গে তাদের গার্জিয়ানদেরকেও দুর্ভোগ পোহাতে হয়। ছাত্রীদের একা কোন কেন্দ্রে (গার্জিয়ান ছাড়া) থাকা সম্ভব নয়। গার্জিয়ান সঙ্গে থাকতেই সেখানে তাদের সম্মান রক্ষা করা মুশকিল হয় সেখানে গার্জিয়ান সঙ্গে না থাকলে অবস্থাটা কি দাঁড়ায় তা সহজেই অনুমেয়।

সদাশয় সরকারের কাছে তাই অনুরোধ রাখবো আসন্ন এসএসসি পরীক্ষার সময় বাতিলকৃত এসএসসি পরীক্ষা কেন্দ্রগুলি পুনঃবহাল করে ছাত্রছাত্রীদের নির্বিঘ্নে পরীক্ষা দেয়ার সুযোগ সৃষ্টি করা হোক এবং ধনবাড়ির এসএসসি পরীক্ষার কেন্দ্রটি পুণরায় চালু করা হোক। এই কেন্দ্রটি ১৯৮৮ইং সন পর্যন্ত বহাল ছিল।

— খন্দকার মোঃ আকবর,
(ধনবাড়ি)
৬৮, আরজপতপাড়া, ঢাকা-১২১২।